গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গনপূর্ত মন্ত্রনালয়
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিলেট ডিভিশন, সিলেট এর অধীনে হবিগঞ্জ জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট বরাদ্দের প্রসপেক্টাস ও আবেদনপত্র।

**মূল্যঃ ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র।**



দেউন্দী চা বাগান ও শাপলা বিল, চুনারুঘাট, হবিগঞ্জ।

**বাস্তবায়নেঃ জাতীয় গৃহায়ন কতৃপক্ষ, সিলেট ডিভিশন, সিলেট।**

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিলেট ডিভিশন, সিলেট এর অধীন হবিগঞ্জ জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট বরাদ্দের প্রসপেক্টাস ও আবেদনপত্র।

### ১.০ আবেদনকারীর যোগ্যতা:

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীন হবিগঞ্জ জেলার সদর উপজেলায় প্লট উন্নয়ন প্রকল্পে আবাসিক প্লট বরাদ্দ প্রাপ্তির জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিক/ব্যক্তিগণ ক্রয়কৃত প্রসপেক্টাস এর সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে বিজ্ঞাপনে প্রকাশিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে।

১.১ আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

১.২ বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) প্লট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন এবং তাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.nha.gov.bd) হতে প্রসপেক্টাস ও আবেদনপত্র ডাউনলোড করে প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রসহ Chairman, National Housing Authority, 82, Segunbagicha, Dhaka-1000, Bangladesh. ঠিকানায় ডাক মাশুলের খরচসহ প্রেরণ করতে হবে। প্রসপেক্টাস বাবদ ১৫.০০ মার্কিন ডলার এবং প্লট বরাদ্দের জন্য নির্ধারিত জামানতের টাকার সমপরিমান মার্কিন ডলার একত্রে Chairman, National Housing Authority এর নামে FC A/C.No. 0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDHA002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH-জমা প্রদান করে মূল মানি রশিদের ফটোকপি আবেদনপত্রের সহিত প্রেরণ করতে হবে।

১.৩ আবেদনকারীর বয়স ৩০-১১-২০২৫ খ্রি. তারিখে নূন্যতম ২৫ (পঁচিশ) বছর হতে হবে।

### ২.০ প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয় ও দাখিল:

২.১ বেসিক ব্যাংক পি.এল.সি এর নিম্নলিখিত শাখা সমূহে অফিস চলাকালীন সময়ে ১,০০০/-(এক হাজার টাকা) মাত্র নগদ গ্রহণ সাপেক্ষে পত্রিকায় প্রকাশিত নির্ধারিত তারিখ হতে প্লটের প্রসপেক্টাস ও আবেদনপত্র গ্রহণ ও জমা করা যাবে:

| ক্রমিক নং | শাখার নাম | ঠিকানা |
|---|---|---|
| ০১ | চৌধুরী কমপ্লেক্স শাখা | ধুলিয়া খাল রোড, মিরপুর বাজার, বাহুবল হবিগঞ্জ। |
| ০২ | জিন্দাবাজার শাখা | ওয়াহিদ ভিউ (২য় তলা), ৫৪৭৭ পূর্ব জিন্দাবাজার, সিলেট-৩১০০। |
| ০৩ | মৌলভীবাজার শাখা | গুলবদন মার্কেট (নীচ তলা), ৪ মৌলভীবাজার। |
| ০৪ | চৌমোহনা শাখা | ১৫২, শমশের নগর রোড, চৌমোহনা, মৌলভীবাজার-৩২০০। |
| ০৫ | মেইন শাখা | বন শিল্প ভবন (নীচ তলা), ৭৩, মতিঝিল সি/এ, ঢাকা-১০০০। |
| ০৬ | মিরপুর শাখা | বেসিক ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স, ইন্ডাস্ট্রিয়াল প্লট নং-১/১, সেকশন-০৭, এভিনিউ-০৪, রোড নং-০৩, পল্লবী, ঢাকা-১২২১। |
| ০৭ | শ্যামলী শাখা | হাউজ নং-২৪/১, মোহাম্মদ পুর হাউজিং এস্টেট, ব্লক-বি, রিং রোড, শ্যামলী, ঢাকা-১২০৭। |
| ০৮ | ধানমন্ডি শাখা | কসবা সেন্টার (নীচ তলা) দক্ষিণ দিক ল্যাবএইড কার্ডিয়াক হাসপাতাল, হাউজ নং-৫/২, রোড নং-৪, মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা। |
| ০৯ | উত্তরা শাখা | প্লট নং-৬৭/এ (২য় তলা), রবীন্দ্র সরণী, সেকশন-০৭, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০। |
| ১০ | কারওরান বাজার শাখা | লতিফ টাওয়ার, ৪৭ কারওরান বাজার, ঢাকা-১২১৫। |
| ১১ | আগ্রাবাদ শাখা | পাইন ভিউ (নীচ তলা), ১০০ আগ্রাবাদ সি/এ, চট্টগ্রাম-৪১০০। |
| ১২ | সিইপিজেড শাখা | ইসলাম প্লাজা, এম এ আজিজ রোড, বিসাইড সি.ই.পি.জেড দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম-৪১০০। |
| ১৩ | কুমিল্লা শাখা | হোল্ডিং নং-০৩, এ.এম.ডি. কমপ্লেক্স মার্কেট, ছাতিপট্টি, রাজগঞ্জ, কুমিল্লা-৩৫০০ |
| ১৪ | চাঁদপুর শাখা | হোল্ডিং নং-১২১ (কালিবাড়ি মোড়), কুমিল্লা রোড, ওয়ার্ড নং-০৭, চাঁদপুর পৌরসভা, চাঁদপুর-৩৬০০। |
| ১৫ | ফেনী শাখা | ফেনী সেন্ট্রাল বড় জামে মসজিদ কমপ্লেক্স (২য় তলা), হোল্ডিং নং-১১৬২, ট্রাঙ্ক রোড, ফেনী সদর, ফেনী। |
| ১৬ | কক্সবাজার শাখা | হোল্ডিং নং-৩০ (রশিদ কমপ্লেক্স) মেইন রোড, কক্সবাজার সদর, কক্সবাজার-৪৭০০। |
| ১৭ | বরিশাল শাখা | ১০২, চকবাজার রোড, বরিশাল। |
| ১৮ | ফরিদপুর শাখা | হোল্ডিং নং-২৯/ডি, ওয়ার্ড নং-০২, কোতয়ালী,ফরিদপুর। |
| ১৯ | খুলনা শাখা | ১০৭, স্যার ইকবাল রোড, খুলনা-৯১০০। |
| ২০ | রাজশাহী শাখা | সরকার টাওয়ার (২য় তলা), কুমার পাড়া, গৌরমারা, বোয়ালীয়া, রাজশাহী-৬১০০। |

২.২ প্রত্যেক আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত হারে জামানতের টাকা চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর অনুকূলে যে কোন তফসীলভুক্ত/বাণিজ্যিক ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে :

| | |
|---|---|
| ৪.০০ কাঠা এবং এর উর্দ্ধে আয়তনের প্লটের জন্য | = ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা মাত্র। |
| ৪.০০ কাঠার নিম্ন আয়তনের প্লটের জন্য | = ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র । |

২.৩ যারা প্লট পাবেন না তাদের জামানতের টাকা বরাদ্দ প্রাপকের তালিকা প্রকাশের পর স্বল্প সময়ের মধ্যে নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সাদিপুর, শিবগঞ্জ, সিলেট অফিস হতে অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে আবেদনকারীর হিসাব নম্বরে প্রেরণ করা হবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হবে না।

২.৪ সকল আবেদনকারী তাদের জামানতের টাকা যে ব্যাংক ও একাউন্ট নম্বরে ফেরত পেতে ইচ্ছুক তার একাউন্ট নম্বর, ব্যাংকের নাম, রাউটিং নাম্বার ও ঠিকানা আবেদনপত্রে অবশ্যই উল্লেখ করবেন। যে সকল আবেদনকারী প্লট পাবেন না তাদের জামানতের টাকা স্বয়ংক্রিয়ভাবে হিসাব নম্বরে পাঠানো হবে এবং প্লট বরাদ্দ পাওয়ার পর, পরবর্তীতে নিতে আগ্রহী না হলে তাদের জানামতের টাকা উক্ত হিসাব নম্বর ও ঠিকানায় আবেদন সাপেক্ষে অনলাইন ব্যাংকিং এ প্রেরণ করা হবে।

## ৩.০ প্লটের আয়তন, সংখ্যা ও মূল্য:

৩.১ কাঠা প্রতি জমির আনুমানিক মূল্য = ৫,১৩,০০০/- লক্ষ (কথায়-পাঁচ লক্ষ তের হাজার) কম/বেশী টাকা মাত্র।
নিম্নে প্লটের সংখ্যা দেয়া হলোঃ

| | |
|---|---|
| ৫.০০ কাঠা হতে তদুর্ধ্ব | = ৪৪ টি |
| ৩.৫০ কাঠা হতে ৫.০০ কাঠার নিম্নে | = ১১ টি |
| ৩.০০ কাঠা হতে ৩.৫০ কাঠার নিম্নে | = ৭৬ টি |
| ২.৫০ কাঠা হতে ৩.০০ কাঠার নিম্নে | = ০১ টি |
| সর্বমোট প্লটের সংখ্যা | =১৩২টি |

## ৪.০ প্লটের কিস্তি পরিশোধের নিয়মাবলী:

৪.১ বরাদ্দ প্রাপক প্লটের মূল্য একাধিক কিস্তিতে অথবা এককালীন পরিশোধ করতে পারবেন।

৪.২ **প্রথম কিস্তিঃ** বরাদ্দকৃত জমির মোট মূল্যের ৪০% টাকা বরাদ্দ পত্র জারীর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। আবেদনের সময় জামানত হিসেবে প্রদত্ত টাকা প্রথম কিস্তির সাথে সমন্বয় করা হবে।

৪.৩ **দ্বিতীয় কিস্তিঃ** বরাদ্দ পত্র জারীর ১২ (বার) মাসের মধ্যে মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করতে হবে।

৪.৪ **তৃতীয় কিস্তিঃ** বরাদ্দ পত্র জারীর ১৮ (আঠার)) মাসের মধ্যে মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করতে হবে।

৪.৫ **চতুর্থ কিস্তিঃ** বরাদ্দ পত্র জারীর ২৪ (চব্বিশ) মাসের মোট মূল্যের ২০% টাকা পরিশোধ করতে হবে। অর্থাৎ সর্বমোট ১০০% মূল্য পরিশোধ করতে হবে।

৪.৬ বরাদ্দপত্র জারীর ৩০ দিনের মধ্যে প্লটের সমুদয় মূল্য এককালীন পরিশোধ অথবা জমির ৪র্থ কিস্তির টাকা পরিশোধের ৬ (ছয়) মাস এর মধ্যে আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে এবং প্লট রেডি সাপেক্ষে প্লটের বাস্তব দখল হস্তান্তরসহ লীজ দলিল রেজিস্ট্রি করার ব্যবস্থা গ্রহণ করা হবে। এর যাবতীয় ব্যয়ভার বরাদ্দ গ্রহিতাকে বহন করতে হবে।

৪.৭ লীজ দলিল সম্পাদনের ৫ (পাঁচ) বৎসরের মধ্যে অবশ্যই জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী/ ছাড়পত্র এবং স্থানীয় পৌর কর্তৃপক্ষ/ প্রকল্প এলাকার জন্য সরকার নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদিত নকশা অনুযায়ী বাড়ী নির্মাণ করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল পূর্বক জমাকৃত অর্থের ৫% বাজেয়াপ্ত করে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

৪.৮ বরাদ্দ নির্দেশিকা-২০০৮ (সংশোধিত-২০২৪) অনুচ্ছেদ ৪.১৩ অনুযায়ী এককালীন অর্থ পরিশোধ/ কিস্তি শুরুর মেয়াদ: ডাউনপেমেন্ট পরিশোধের পরবর্তী ০৩ (তিন) মাসের মধ্যে বরাদ্দ গ্রহীতা অবশিষ্ট অর্থ কোন প্রকার ফি বা সার্ভিস চার্জ ব্যতীত এককালীন পরিশোধ করতে পারবেন। এককালীন অর্থ পরিশোধ না করলে ডাউনপেমেন্ট পরিশোধের ০৩ (তিন) মাস পর মাসিক কিস্তির মেয়াদ শুরু হবে এবং কিস্তি চলমান অবস্থায় যথারীতি "কিস্তি সুবিধা ফি" ও প্রযোজ্য ক্ষেত্রে "বিলম্ব ফি" পরিশোধ করতে হবে। তবে কিস্তি চলমান অবস্থায় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে যে কোন সময় ২% সার্ভিস চার্জ প্রদান সাপেক্ষে অবশিষ্ট অর্থ এককালীন পরিশোধ করা যাবে।

৪.৯ বরাদ্দ নির্দেশিকা-২০০৮ (সংশোধিত-২০২৪) অনুচ্ছেদ ৪.১১.১ অনুযায়ী মাসিক / বার্ষিক কিস্তি এর অর্থ যথাসময়ে পরিশোধে ব্যর্থ হলে খেলাপী অর্থ ১১% বিলম্ব ফি সহ ৫ (পাঁচ) বছর পর্যন্ত পরিশোধ করা যাবে।

৪.১০ বরাদ্দ নির্দেশিকা-২০০৮ (সংশোধিত-২০২৪) অনুচ্ছেদ ৪.১১.২ অনুযায়ী খেলাপী অর্থ ৫ (পাঁচ) বছরের অধিক কাল অপরিশোধিত থাকলে বরাদ্দ বাতিল হবে। তবে, বরাদ্দ প্রাপকের আবেদনক্রমে যুক্তিসংগত কারণ বিবেচনায় ৫ (পাঁচ) বছরের অধিক খেলাপী অর্থ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড এর অনুমোদনক্রমে পরিশোধ করা যাবে।

৪.১১ বরাদ্দ নির্দেশিকা-২০০৮ (সংশোধিত-২০২৪) অনুচ্ছেদ ৪.১১.৩ অনুযায়ী বরাদ্দকৃত প্লট/জমির খেলাপী কাল ৫ (পাঁচ) বছরের অধিক হলে কর্তৃপক্ষ সঙ্গত কারণে বরাদ্দ বহাল রাখার ক্ষেত্রে অপরিশোধিত অংশ জমির মূল্য সংক্রান্ত কর্তৃপক্ষের হালনাগাদ পরিপত্র অনুযায়ী আদায়যোগ্য হবে।

৪.১২ বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ নির্ধারিত "এফসি" একাউন্ট এর মাধ্যমে অথবা বাংলাদেশী মুদ্রায় জমির মূল্য পরিশোধ করতে পারবেন। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ জমাকৃত অর্থ ফেরত দিলে তা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। বৈদেশিক মুদ্রায় বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পেলে তা গ্রহণে সম্মত থাকতে হবে।

## ৫.০ প্লট সমর্পণ:

৫.১ আবেদনকারীগণ প্লট বরাদ্দ পাওয়ার পর ১ম কিস্তি পরিশোধের পূর্বে প্লট নিতে ইচ্ছুক না হলে জামানতের টাকা হতে ৫% কর্তন পূর্বক অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা হবে।

৫.২ প্লটের ৩য় কিস্তি পরিশোধের পর প্লটটি আর সমর্পণ করা যাবে না, তবে মৃত্যুজনিত কারনে প্লট সমর্পণের ক্ষেত্রে জমাকৃত অর্থ কোনোরূপ কর্তন ব্যতীত ফেরত প্রদান করা হবে। তবে বরাদ্দ গ্রহিতা বরাদ্দ এককালীন পরিশোধের পর জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বরাদ্দকৃত প্লট বিক্রয়/বন্ধক/লীজ/বায়না/পাওয়ার অব এটর্নী (আম-মোক্তার) প্রদান করতে পারবেন।

## ৬.০ বরাদ্দ বাতিলকরণ, উচ্ছেদ করণ/ প্লটের বরাদ্দ হতে অব্যাহতি গ্রহণ:

৬.১ প্লট গ্রহীতা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমোদন ব্যতিত বন্ধক, লীজস্বত্ব, বায়না, পাওয়ার অব এটর্নী (আম-মোক্তার) প্রদান করতে পারবেন না। এই শর্ত ভঙ্গের কারনে কোন কারণ দর্শানো ব্যতিত তার বরাদ্দপত্র বাতিল করা হবে।

৬.২ জমির মূল্য সাময়িকভাবে প্রতি কাঠা ৫.১৩ লক্ষ (পাঁচ লক্ষ তের হাজার) মাত্র ধার্য করা হয়েছে। যে কোন কারনে প্রকল্পের উন্নয়ন ব্যয় বৃদ্ধি পেলে উক্ত জমির মূল্য আনুপাতিক হারে বৃদ্ধি পাবে, যা পরিশোধে সম্মত থাকতে হবে। উক্ত বর্ধিত মূল্য বরাদ্দ প্রাপককে শেষ কিস্তির সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানতের টাকা (সুদবিহীন) ফেরত দেয়া হবে।

৬.৩ অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। ইচ্ছাকৃত ভাবে তথ্য গোপন করলে বা ভুল তথ্য প্রদান করলে এবং প্রমাণিত হলে, বরাদ্দপত্র বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

## ৭.০ প্লট বরাদ্দ প্রদানের নিয়মাবলী/শর্তাবলী:

৭.১ সকল আবেদনকারী ব্যক্তিদেরকে (প্রকল্প এলাকায় জমি অধিগ্রহণ জনিত ক্ষতিগ্রস্থ ব্যক্তিবর্গ ব্যতিত) উন্মুক্ত লটারীর মাধ্যমে বরাদ্দ প্রাপক নির্বাচন করা হবে। কমপক্ষে ১০ (দশ) শতাংশ জমি অধিগ্রহণ হয়েছে এমন এওয়ার্ড প্রাপ্ত মালিক সর্বোচ্চ ৩ (তিন) কাঠার প্লট নির্ধারিত মূল্যে পাবেন।

## ৮.০ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী/শর্তাবলী:

৮.১ আবেদনকারীকে প্রকল্প এলাকার যে কোন স্থানে বরাদ্দকৃত প্লট গ্রহণে সম্মতি থাকতে হবে।

৮.২ বরাদ্দপ্রাপকের মৃত্যুজনিত কারনে বৈধ ওয়ারিশ/ওয়ারিশগণকে মৃত্যুর পরবর্তী সময়ে কর্তৃপক্ষ বরাবর লিখিত আবেদন করে তার/তাদের নামে বরাদ্দ সংশোধন করে নিবেন। মূল বরাদ্দ প্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তার বৈধ ওয়ারিশগণের উপর বর্তাবে।

৮.৩ প্রকল্পটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের স্ব-অর্থায়নে বাস্তবায়িত হবে।

৮.৪ বরাদ্দপ্রাপ্ত প্লটগুলি আবাসিক ব্যতিত অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।

৮.৫ প্রকল্প এলাকায় সাইট ডেভেলপমেন্ট করে পর্যাপ্ত পরিমান রাস্তা নির্মাণ করা হবে। প্রকল্প এলাকায় মসজিদ, স্কুল, খেলার মাঠ এবং সাইট অফিসের জন্য স্থান নির্দিষ্ট থাকবে। প্রকল্প এলাকায় ইলেক্ট্রিক সাব-ষ্টেশন থাকবে।

৮.৬ প্রসপেক্টাসে উল্লিখিত যে কোন শর্ত/শর্তাদি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ যে কোন সময়ে পরিবর্তন / পরিবর্ধন / সংযোজন / বিয়োজন এর ক্ষমতা সংরক্ষণ করে।

## ৯.০ আবেদনকারীকে নিম্নবর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনের সাথে দাখিল করতে হবে:

৯.১ আবেদনকারীকে নাগরিকত্ব সনদ, বয়স প্রমানের জন্য জাতীয় পরিচয়পত্র / জন্ম সনদ / পাসপোর্ট/ এস,এস,সি বা সমমানের পরীক্ষার সত্যায়িত সনদ দাখিল করতে হবে।

৯.২ প্রকল্প এলাকায় জমি অধিগ্রহন জনিত ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ যারা আবেদন করবেন, তাদেরকে এওয়ার্ড সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৯.৩ আবেদনপত্রের সাথে আবেদনপত্র ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে।

## ১০.০ যে সকল কারনে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে:

১০.১ অসম্পূর্ণ / অস্বাক্ষরিত / অসত্য ও ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র।
১০.২ ঘষামাঝা / ফ্লুইড দেয়া আবেদনপত্র।
১০.৩ নিজ নামে ইস্যুকৃত আবেদনপত্র ব্যতীত অন্য আবেদনপত্র।
১০.৪ ফটোকপিকৃত আবেদনপত্র।

## ১১.০ চুক্তিপত্র সম্পাদন:

১১.১ দখলপত্র গ্রহণের সময় বরাদ্দ প্রাপককে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে নির্ধারিত সকল শর্তাবলী প্রতিপালনের লক্ষ্যে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে "চুক্তিপত্র" সম্পাদন করতে হবে।

## ১২.০ ইজারা দলিল সম্পাদন:

১২.১ প্লটের সমুদয় মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজস্ব ব্যয় ও উদ্যোগে জাতীয় গৃহায়ন কতৃপক্ষের সাথে ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করতে হবে।

১২.২ প্লট বরাদ্দ প্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্য কোন প্রকল্পের বা কোন হাউজিং এস্টেট এর জন্য প্রযোজ্য কোন শর্ত/সুবিধাকে এই প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলিয়া দাবী করতে পারবেন না।

১২.৩ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময় প্রসপেক্টাসে বিদ্যমান অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করে।

১২.৪ এ প্রসপেক্টাসে উল্লেখিত যে কোন শর্ত সম্পর্কে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ব্যাখ্যা চুড়ান্ত মর্মে বিবেচিত হবে এবং তা সংশ্লিষ্ট সকলের সমভাবে প্রয়োগযোগ্য হবে।

চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।
ফোন : (০২) ২২৩৩৮২৭৬২
ই-মেইল: chairman@nha.gov.bd

পরিশিষ্ট-খ

৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে
হলফ নামার নমুনা

ছবি

আমি :...........................................................................................................................

পিতা/স্বামী :.....................................................মাতাঃ................................পেশাঃ...........

জন্ম তারিখ :...............................................................................................................

বর্তমান ঠিকানা :...........................................................................................................

ঠিকানায় বসবাসরত এবং আমার স্থায়ী ঠিকানা : ................................গ্রামঃ...............................

ডাকঘর :...................................................... থানা :......................................................

জেলা : ....................................................নাগরিকত্বঃ.....................................................

এ মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক প্লটের প্রয়োজন এবং আরো অঙ্গীকার করছি যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন আমার নিজের নামে / স্ত্রী / স্বামী/ সন্তান / পোষ্যের নামে কিংবা বেনামে বসবাসের জন্য কোন প্লট / ফ্ল্যাট বরাদ্দ পাই নাই।

আমি আরো অঙ্গীকার করছি যে, প্রসপেক্টাসের যাবতীয় শর্তাবলী এবং কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল শর্তাবলী মেনে চলবো।

উর্পযুক্ত ঘোষনা সত্য ও নির্ভুল।

.....................................
হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত,
তিনি আমার সম্মুখে সহি সম্পাদন করেছেন,
আমি তার পরিচয় প্রদানকারী।

........................................
এডভোকেট

নোটারী পাবলিক/প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট

..........................................................................................
বিদেশে চাকুরীরত/কর্মরত প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক /
বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর।




জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

৮২, সেগুনবাগিচা, ঢাকা।

**www.nha.gov.bd**

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিলেট ডিভিশন, সিলেট এর অধীন হবিগঞ্জ জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট বরাদ্দের

| আবেদন পত্রের ক্রমিক নম্বর | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| অফিস কর্তৃক পূরণ করতে হবে | | | |

০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি

১(এক) কপি সুদৃঢ়ভাবে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে।

# আবেদন পত্র

১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে):

বাংলায় ..........................................................................................................................

ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে).....................................................................................

২। পিতার নাম: ..........................................., স্বামীর নাম: ..........................................................

মাতার নাম: ....................................................................

৩। আবেদনকারীর জন্ম তারিখ : ....................................., বয়স: ..............................................................

(বয়সের প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে)

৪। বর্তমান ঠিকানা: ..........................................................................................................

..........................................................................................................................................

টেলিফোন নম্বর(যদি থাকে):........................................ মোবাইল: ..................................................

৫। স্থায়ী ঠিকানা: ..............................................................................................................

(প্রমানপত্র সংযুক্ত করিতে হইবে)

৬। জাতীয় পরিচয় পত্র নং: ................................................................................................

৭। পেশা: ...........................................

(আয়ের স্বপক্ষে প্রমাণ পত্র এবং আয়কর সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে)

৮। (ক) প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর:..........................., তারিখ: ......................................................

(মূল রশিদ সংযুক্ত করিতে হবে)

(খ) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং:....................................................

টাকার পরিমাণ: ......................................................, তারিখ: ..........................................

ব্যাংকের নাম: ............................................................, শাখা: ........................................

(গ) বৈদেশিক আবেদনকারী হিসাব নং-FC A/C.No. 0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDHA 002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH-এ অর্থ প্রেরণের বিবরণ: ........................................................................................ (প্রমাণক সংযুক্ত করতে হবে)।

০৯। আবেদনকৃত প্লটের পরিমাণ:

(কোন প্রকার কাটাকাটি / ঘষা মাজা / ফ্লুইড ব্যবহার করা যাবে না)

১০। আবেদনের ধরন (টিক চিহ্ন দিন): সাধারন/ক্ষতিগ্রস্থ।

(কোন প্রকার কাটাকাটি / ঘষা মাজা / ফ্লুইড ব্যবহার করা যাবে না)

১১। প্রসপেক্টাসে বর্ণিত চাহিদামতে সকল প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

১২। আবেদনকারীর (নিজ নামে) অনলাইন ব্যাংক হিসাব নম্বর (যদি থাকে) ...................................................................,

ব্যাংকের নাম: ..............................................................., শাখা: ...............................................,

রাউটিং নম্বর.........................................................................(জামানতের অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে)।

আমি অঙ্গীকার করছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য।

আবেদনের তারিখ: ................................

.......................

(আবেদনকারীর স্বাক্ষর)

(বিঃ দ্রঃ আবেদনপত্র পূরণ করার পূর্বে অনুগ্রহ পূর্বক প্রসপেক্টাস মনোযোগ দিয়ে পাঠ করবেন)